পাঠ ৬

# দেখে বুঝে কাজ করি



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, অনুজ্ঞা, বিভিন্ন প্রেক্ষাপটনির্ভর ঘোষণা ও সংকেত শুনে বুঝতে পারা।

৬.১ পরিচিত প্রেক্ষাপটে প্রশ্ন-উত্তর, অনুজ্ঞা, সম্বোধন করতে পারা এবং সংকেত, বিজ্ঞপ্তি বুঝে প্রমিত উচ্চারণে বলতে পারা।

১০.১ পরিচিত পরিবেশে ছাপা, হাতের লেখায় বা ডিজিটাল ডিভাইসে উপস্থাপিত প্রশ্ন, নির্দেশনা, অনুজ্ঞা ও পাঠের অন্তর্ভুক্ত সহজ কথোপকথন পড়ে বুঝতে পারা।

১৪.১ পরিচিত প্রেক্ষাপটে সাধারণ নির্দেশনা, প্রশ্ন, অনুজ্ঞাসূচক বাক্য, সংকেত, ঘোষণা, বিজ্ঞপ্তির বিষয় ও কথোপকথন বুঝে প্রমিত বাংলায় লিখতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৩

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-১৯ | থামি ----- সিগন্যাল বাতি। |
| পিরিয়ড-২০ | টয়লেট ব্যবহার করি------ হাসপাতাল। |
| পিরিয়ড-২১ | পথচারী পারাপার---- পরিচ্ছন্ন থাকি। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| নিষেধ | হর্ন | সিগন্যাল | রেলক্রসিং | পথচারী | পরিচ্ছন্ন |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

### পিরিয়ড ১৯ | থামি ----- সিগন্যাল বাতি।

**প্রশ্ন ১. সিগন্যাল বা সংকেতগুলো দিয়ে বাক্য রচনা কর।**

থামি; রিকশা চলা নিষেধ; সিগন্যাল বাতি দেখে রাস্তা পার হই; টয়লেট ব্যবহার করি; এখানে রেলক্রসিং, সাবধানে যাই; সামনে হাসপাতাল; পথচারী পারাপার; এখানে ময়লা ফেলি; হাত ধুই, পরিচ্ছন্ন থাকি। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

| প্রদত্ত সিগন্যাল বা সংকেত | বাক্য |
|---|---|
| থামি | আমরা সিগন্যাল দেখে থেমে যাই। |
| রিকশা চলা নিষেধ | 'রিকশা চলা নিষেধ' সিগন্যাল প্রদর্শিত এলাকায় রিকশার জন্য অপেক্ষা করি না। |

| প্রদত্ত সিগন্যাল বা সংকেত | বাক্য |
|---|---|
| সিগন্যাল বাতি দেখে রাস্তা পার হই | জীবন বাঁচাতে সিগন্যাল বাতি দেখে রাস্তা পার হই। |
| টয়লেট ব্যবহার করি | পরিবেশ দূষণ রোধে টয়লেট ব্যবহার করি। |
| এখানে রেলক্রসিং, সাবধানে যাই | রেল চলাচলের রাস্তায় "এখানে রেলক্রসিং। সাবধানে যাই।" সিগন্যাল দেখা যায়। |
| সামনে হাসপাতাল | 'সামনে হাসপাতাল' সংকেত দেখামাত্রই হর্ন বাজানো থেকে বিরত থাকি। |
| পথচারী পারাপার | 'পথচারী পারাপার' সংকেত অনুসরণ করে চলাচল করি। |
| এখানে ময়লা ফেলি | 'এখানে ময়লা ফেলি' চিহ্নিত স্থানে ময়লা ফেলি। |
| হাত ধুই, পরিচ্ছন্ন থাকি | বেসিনের উপর 'হাত ধুই, পরিচ্ছন্ন থাকি' সংকেত লাগিয়ে দেব। |

**পিরিয়ড ২০** টয়লেট ব্যবহার করি------ হাসপাতাল।

**প্রশ্ন ২. আমরা কীভাবে 'রাস্তা' পার হবো?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমরা 'পথচারী পারাপার' সংকেত দেখে রাস্তা পার হবো।

**পিরিয়ড ২১** পথচারী পারাপার---- পরিচ্ছন্ন থাকি।

**প্রশ্ন ৩. সিগন্যাল বিষয়ে তোমার অভিজ্ঞতা লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** শিক্ষাসফরে যাওয়ার সময় এক স্থানে আমাদের বাস অনেকক্ষণ দাঁড়িয়েছিল। আমরা দেখলাম সবগুলো গাড়িই দাঁড়িয়ে আছে। স্যারকে জিজ্ঞাসা করলে স্যার বললেন, ঐ দেখো লালবাতির আলো জ্বলছে, তাই সবাই দাঁড়িয়ে আছে। সবুজ বাতি জ্বলতেই বাস আবার চলতে শুরু করল।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. সিগন্যালের বাতিগুলো কী কী রঙের হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সিগন্যালের বাতিগুলো লাল, হলুদ ও সবুজ রঙের হয়।

**প্রশ্ন ২. সিগন্যাল বা সংকেত কত প্রকার ও কী কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সিগন্যাল বা সংকেত তিন প্রকার। যথা—
ক. বাহুর সংকেত, খ. আলোর সংকেত ও গ. শব্দ সংকেত।

**প্রশ্ন ৩. হলুদ, লাল ও সবুজ বাতি কী নির্দেশনা প্রদান করে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** হলুদ বাতি জ্বললে গাড়ি থামানোর প্রস্তুতি নিতে হবে, লাল বাতি জ্বললে গাড়ি থামাতে হবে আর সবুজ বাতি জ্বললে গাড়ি নিয়ে অগ্রসর হওয়া যাবে।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৪. আমরা কেন সিগন্যাল অনুসরণ করি?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমরা যে কারণে সিগন্যাল অনুসরণ করি—
ক. নিরাপদে চলাচলের জন্য।
খ. সড়কে দুর্ঘটনার ঝুঁকি কমাতে।
গ. ট্র্যাফিক আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকতে।
ঘ. রাস্তার শৃঙ্খলা রক্ষা করতে।

**প্রশ্ন ৫. সিগন্যাল অর্থ কী?**

**উত্তর :** সিগন্যাল অর্থ সংকেত।

**প্রশ্ন ৬. আমরা হাসপাতাল কীভাবে খুঁজে পাই?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পথের ধারে 'সামনে হাসপাতাল' এর সংকেত দেখে।

**প্রশ্ন ৭. আমরা কোথায় ময়লা ফেলব?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** 'এখানে ময়লা ফেলি' সংকেত লেখা স্থানে আমরা ময়লা ফেলব।

**প্রশ্ন ৮. বিদ্যালয়ে কোথায় 'হাত ধুই, পরিচ্ছন্ন থাকি' সংকেত লাগাতে পারি?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বিদ্যালয়ের ওয়াশরুমের বেসিনের উপরে আমরা 'হাত ধুই, পরিচ্ছন্ন থাকি' সংকেতটি লাগাতে পারি।

### লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ৯. হর্ন বাজানো নিষেধ এমন তিনটি স্থানের নাম লেখ।**

**উত্তর :** হর্ন বাজানো নিষেধ এমন তিনটি স্থান— ১. শিক্ষা প্রতিষ্ঠান, ২. হাসপাতাল ও ৩. শিশুপার্ক।

**প্রশ্ন ১০. বিভিন্ন সংকেত সম্পর্কে জেনে নেই।**


ফুট ওভারব্রিজ


রাস্তা পারাপারে জেব্রা ক্রসিং


শুধু সাইকেলের রাস্তা


যেকোনো পাশ দিয়ে অতিক্রম করা যাবে



জাতীয় গতিসীমা প্রযোজ্য


সম্মুখে বামে মোড়


প্রাথমিক চিকিৎসা কেন্দ্র


ফায়ার স্টেশন


রাস্তা বন্ধ


ফিলিং স্টেশন

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| পরিচিত বিষয়ের সংকেতের অর্থ জানে। | | | |
| সংকেত শুনে/গ্রহণ করে অনুসরণ করতে পেরেছে। | | | |
| সংকেত বুঝে বলতে পেরেছে। | | | |
| লিখিত, মুদ্রিত এবং হাতে লেখা সংকেত পড়ে বুঝতে পেরেছে। | | | |
| সংকেতের বিষয়ে শুদ্ধ ও পূর্ণ বাক্য লিখতে পেরেছে। | | | |
| সংকেত অনুসরণে আগ্রহ দেখিয়েছে। | | | |

## ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :...............

শিক্ষার্থীর নাম :............................................ শ্রেণি :.............................. রোল নম্বর : ☐

**১। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

ক. সিগন্যালের বাতিগুলো কী কী রঙের হয়?

খ. সিগন্যাল বা সংকেত কত প্রকার ও কী কী?

গ. হলুদ, লাল ও সবুজ বাতি কী নির্দেশনা প্রদান করে?

**২। সিগন্যাল বিষয়ে তোমার অভিজ্ঞতা বল।**

**উত্তরমালা**

১ ▸ ক. সিগন্যালের বাতিগুলো লাল, হলুদ ও সবুজ রঙের হয়।

খ. সিগন্যাল বা সংকেত তিন প্রকার। যেমন—
১. বাহুর সংকেত, ২. আলোর সংকেত ও ৩. শব্দ সংকেত।

গ. হলুদ বাতি জ্বললে গাড়ি থামানোর প্রস্তুতি নিতে হবে, লাল বাতি জ্বললে গাড়ি থামাতে হবে এবং সবুজ বাতি জ্বললে গাড়ি নিয়ে অগ্রসর হওয়া যাবে।

২ ▸ শিক্ষাসফরে যাওয়ার সময় এক স্থানে আমাদের বাস অনেকক্ষণ দাঁড়িয়েছিল। আমরা দেখলাম সবগুলো গাড়িই দাঁড়িয়ে আছে। স্যারকে জিজ্ঞাসা করলে স্যার বললেন, ঐ দেখো লালবাতির আলো জ্বলছে, তাই সবাই দাঁড়িয়ে আছে। সবুজ বাতি জ্বলতেই বাস আবার চলতে শুরু করল।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐